
বিজ্ঞাপনের চুক্তির প্রলোভনে মডেলকে নির্যাতনের অভিযোগ



মডেল স্নিগ্ধা চৌধুরী। ছবি: সংগৃহীত

বিজ্ঞাপনের চুক্তি করিয়ে দেওয়ার কথা বলে ঢাকার তিনশ ফিট এলাকার একটি বেসরকারি হাসপাতালে ডেকে নিয়ে শারীরিক নির্যাতনের অভিযোগ করেছেন মডেল ও অভিনেত্রী স্নিগ্ধা চৌধুরী। এ ঘটনায় অভিযুক্তদের বিরুদ্ধে মামলা করতে খিলক্ষেত থানায় গেছেন তিনি।

মডেল স্নিগ্ধা অভিযোগ করে বলেন , বিজ্ঞাপনের চুক্তিতে স্বাক্ষরের প্রলোভন দেখিয়ে তাকে ওই হাসপাতালে ডাকা হয়। সেখানে তাকে শারীরিকভাবে নির্যাতন করা হয়েছে বলে দাবি করেন তিনি।



LENS ASIA

স্নিগ্ধার আরও অভিযোগ করেন, নির্যাতনের সময় অভিযুক্ত ব্যক্তি প্রভাবশালী মহলের সঙ্গে নিজের ঘনিষ্ঠতার কথা বলে তাকে ভয়ভীতি দেখান। ঘটনার পরপরই তিনি আইনি পদক্ষেপ নেওয়ার সাহস পাননি বলেও জানান। তার দাবি, প্রতিষ্ঠানটি দেশের একটি প্রভাবশালী শিল্পগোষ্ঠীর হওয়ায় বিষয়টি প্রকাশ্যে এলে ব্যক্তিজীবনে নেতিবাচক প্রভাব পড়তে পারে—এমন আশঙ্কায় তিনি প্রথমে নীরব ছিলেন।

পরে আইনি ব্যবস্থা নিতে খিলক্ষেত থানায় যান স্নিগ্ধা। থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সোহরাব হোসাইন বলেন, অভিনেত্রী মামলা করতে থানায় এসেছেন। তার অভিযোগ লিখিতভাবে নেওয়া হচ্ছে।

স্নিগ্ধা চৌধুরী ২০১৮ সালে মডেলিংয়ের মাধ্যমে শোবিজে যাত্রা শুরু করেন। গত ঈদে প্রেক্ষাগৃহে মুক্তি পায় তার অভিনীত প্রথম চলচ্চিত্র ‘প্রেশার কুকার’।